গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পলাশবাড়ী, গাইবান্ধা
http:// palashbari.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২৬৭.০০০.৩১.০০১.১৭- ৫৯

তারিখ : ২১ /০১/২০১৮ খ্রি : ।

বাংলা ১৪২৫ সালের জন্য হাটবাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা, ২০১১ ও স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-২ শাখা এর ১ মার্চ, ২০১৬ খ্রি: তারিখের ৮৮ নং স্মারক আদেশ অনুযায়ী গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলাধীন নিম্ন তফশীল বর্ণিত হাটবাজারসমূহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪২৫ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদে ইজারা প্রদান করা হবে । ইজারা বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক আগ্রহী দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে ।

ক্রঃ নং	হাট বাজারের নাম	ইউনিয়নের নাম	বাংলা ১৪২৫ সালের কাঙ্খিত সরকারি মূল্য (পূর্ববর্তী ৩ বৎসরের ইজারার গড় মূল্যের ১০% বৃদ্ধিসহ)	দরপত্র মূল্য (অফেরৎযোগ্য)	দরপত্র ক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময়ে)	দরপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	কাশিয়াবাড়ী হাট	কিশোরগাড়ী	৭৩,৪৪৪/-	৫০০/-	**১ম বার**		৬নং ও ৭নং কলাম সকল হাটবাজারের ক্ষেত্রে প্রযোজ্য
০২	বড় শিমুলতলা হাট		১৮,৫১৩/-	৫০০/-	০২/১১/১৪২৪ বাং ১৪/০২/২০১৮ খ্রি.	০৩/১১/১৪২৪ বাং ১৫/০২/২০১৮ খ্রি.	
০৩	মেরীর হাট	হোসেনপুর	৪৭,৯৭৯/-	৫০০/-			
০৪	কালিবাড়ী হাট	পলাশবাড়ী	১,০২,৪২,২৮৪/-	২১,২০০/-			
০৫	অফিসের হাট		২,৪১,৬৩৪/-	১,২০০/-	**২য় বার**		
০৬	আমলাগাছী হাট	বরিশাল	২,৮২,৭৩০/-	১,২০০/-			
০৭	মাঠের হাট	বেতকাপা	৪২,৮১,৭৬৯/-	৯,২০০/-	২০/১১/১৪২৪ বাং ০৪/০৩/২০১৮ খ্রি.	২১/১১/১৪২৪ বাং ০৫/০৩/২০১৮ খ্রি.	
০৮	ফকির হাট	পবনাপুর	৩৪,১৩৭/-	৫০০/-			
০৯	সমিতির হাট		৪১,৬০০/-	৫০০/-			
১০	চরের হাট		১১,১৬৫/-	৫০০/-	**৩য় বার**		
১১	কুমেদপুর বাজার	মনোহরপুর	৪,১৪৬/-	৫০০/-	২৯/১১/১৪২৪ বাং ১৩/০৩/২০১৮ খ্রি.	৩০/১১/১৪২৪ বাং ১৪/০৩/২০১৮ খ্রি.	
১২	গোডাউন বাজার		১২,৩৫৬/-	৫০০/-			
১৩	কাজীর বাজার		২,৮২৭/-	৫০০/-			
১৪	তালুকজামিরা হাট	হরিনাথপুর	১,৬০,০৫০/-	১,০০০/-			

শর্তাবলী ঃ -

১। বাংলা ১৪২৫ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা দেয়া হবে ।

২। জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পলাশবাড়ী; উপজেলা ভূমি অফিস, পলাশবাড়ী; পলাশবাড়ী থানা, গাইবান্ধা এবং সোনালী ব্যাংক লিঃ, পলাশবাড়ী শাখা হতে নির্ধারিত অফেরৎযোগ্য মূল্যে তফশীল (৬নং কলাম) বর্ণিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে দরপত্র ফরম (সিডিউল) সংগ্রহ/ক্রয় করা যাবে। বর্ণিত ৭নং কলামে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা; পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়; পলাশবাড়ী এবং উপজেলা ভূমি অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা রক্ষিত দরপত্র (টেন্ডার) বাক্সে দরপত্রসমূহ গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ০৩.৩০ টায় এ বিষয়ে প্রাধিকার প্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে ।

৩। প্রথমবার যদি ধার্যকৃত কাঙ্খিত সরকারি (বর্ণিত তফশীলের ৪নং কলামে উল্লেখিত ৩ বছরের গড় মূল্য) ইজারা মূল্যের কোন দরপত্র কিংবা নীতিমালা অনুযায়ী কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া যায়, তাহলে তফশীলের ৬নং ও ৭নং কলামে বর্ণিত ২য় ও ৩য় বারের ধার্যকৃত তারিখসমূহের পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখ, স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র বিক্রয় ও গ্রহণ কার্যক্রম অব্যাহত থাকবে ।

৪। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা এর অনুকূলে জমা দিতে হবে । অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে । উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে । ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে । বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে ।

৫। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে ।

৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি ইজারা মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহবান করা হবে ।

৭। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না । দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না । এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৮। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে ।

৯। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে । বিনা রশীদে টোল আদায় করা যাবে না । ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্হানে আবশ্যিকভাবে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্হা করবেন ।

১০। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে । দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে ।

১১। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। অন্যথায় বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১২। ইজারার সমুদয় অর্থ (ভ্যাট, আয়কর সহ) পরিশোধের ৩ (তিন)কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত টাকা মাত্র) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে ।

১৩। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

১৪। ইজারাদার নিজ খরচে হাটবাজার পরিস্কার পরিচ্ছন্ন করবেন ।

১৫। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন ।

১৬। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না ।

১৭। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাটবাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৮। হাটবাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে ।

১৯। চুক্তিপত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে ।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন ।

২১/০৩/১৮

(মোহাম্মদ তৌফিকুজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পলাশবাড়ী, গাইবান্ধা
ফোন নং ০৫৪২৪-৫৬০০১(অফিস)।